দৈনিক সংবাদ

তারিখ 14 NOV 1988

পৃষ্ঠা ৮ কলাম ১

215

## কলেজ খুলবে কবে?

গত আগষ্ট মাসের ১৬ তারিখে আমাদের কলেজে এক ছাত্র সংঘর্ষের ফলে কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেন। এলাকার মুক্তাগাছাই একমাত্র কলেজ। এই কলেজে প্রায় পনের শত ছাত্রছাত্রী লেখাপড়া করে। বিকল্প কোন কলেজ না থাকায় আমাদের অভিভাবক ও ছাত্র-ছাত্রীরা দুশ্চিন্তায় ভুগছে। আড়াই মাস যাবৎ কলেজ বন্ধ থাকায় লেখাপড়া ব্যাহত হচ্ছে। অবিলম্বে কলেজটি খুলে দিয়ে লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য কলেজ কর্তৃপক্ষের নিকট আহ্বান জানাই।

মোঃ মাহবুব আলম খান,
চৌরঙ্গী মোড়,
মুক্তাগাছা, ময়মনসিংহ।